গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর
(নেজারত শাখা)
www.gazipur.gov.bd

বিজ্ঞপ্তি নম্বর:০৫.৪১.৩৩০০.০০৭.০১.০০২.২২- ৮০৭

তারিখ : ০৯ আশ্বিন ১৪৩২
২৪ সেপ্টেম্বর ২০২৫

**পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি**

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ২৩ মে ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০০৭.১৭-৬৮ নম্বর ছাড়পত্র মোতাবেক জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর ও এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং গাজীপুর সার্কিট হাউজের নিম্নবর্ণিত শূন্যপদে অস্থায়ীভিত্তিতে জনবল নিয়োগের জন্য ২০১৫ সালের জাতীয় বেতন স্কেলে প্রদত্ত বেতন ভাতায় জনবল নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত চাকরির আবেদনের নির্ধারিত ফরমে অনলাইনে (https://dcgazipur.teletalk.com.bd ওয়েবসাইটে) জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও গাজীপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নির্দেশক্রমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| নিয়োগকৃত কর্মস্থল/দপ্তরের নাম | ক্রমিক নম্বর | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর | ০১ | অফিস সহায়ক | ২৬ (ছাব্বিশ) টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| | ০২ | নিরাপত্তা প্রহরী | ০৮ (আট) টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ১) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>২) প্রার্থীকে সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে |
| | ০৩ | পরিচ্ছন্নতা কর্মী | ০৯ (নয়) টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| সার্কিট হাউজ, গাজীপুর | ০৪ | বাবুর্চি | ০২ (দুই) টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ১) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>২) রান্নার কাজে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা |
| | ০৫ | সহকারী বাবুর্চি | ০১ (এক) টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ১) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>২) রান্নার কাজে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা |
| | ০৬ | বেয়ারার | ০৪ (চার) টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| | ০৭ | নিরাপত্তা প্রহরী | ০১ (এক) টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ১) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>২) প্রার্থীকে সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে |
| | ০৮ | পরিচ্ছন্নতা কর্মী | ০১ (এক) টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| | ০৯ | মালি | ০১ (এক) টি | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে :**

০১। এ কার্যালয়ের ০২ নভেম্বর ২০২১ তারিখের ০৫.৪১.৩৩০০.০০৭.১১.০০১.২১-৪১৮ নম্বর এবং ০২ জুলাই ২০২৪ তারিখের ০৫.৪১.৩৩০০.০০৭.১১ .০০১.২১-৫৮৫ নম্বর স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তি অনুসরণ করে উক্ত পদে যে সকল প্রার্থী আবেদন করেছেন পুনরায় তাদের আবেদন করার প্রয়োজন নেই।

০২। প্রার্থীর বয়স ৩০ সেপ্টেম্বর ২০২৫ তারিখে অবশ্যই ১৮ হতে ৩২ বছরের মধ্যে থাকতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৩। সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে।

০৪। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ১ টি করে ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(ক) শিক্ষাগত যোগ্যতার প্রমাণ স্বরূপ সকল মূল/সাময়িক সনদপত্র।

(খ) গাজীপুর জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে সিটি কর্পোরেশনের প্রশাসক/মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার প্রশাসক/মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রদত্ত মূল নাগরিকত্ব সনদপত্র।

(গ) জাতীয় পরিচয়পত্র এবং জন্ম নিবন্ধন সনদ;

(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঙ) মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী আবেদনকারীর পিতা/মাতার নামে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র।

(চ) আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/প্রশাসক/ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক বা পৌরসভার প্রশাসক/মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

CamScanner

(ছ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।
(জ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠিদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।
(ঝ) নির্দিষ্ট কোটা দাবীর ক্ষেত্রে দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র।
(ঞ) ডাউনলোডকৃত Applicant copy এর সত্যায়িত ফটোকপি।
(ট) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি।

০৫। একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবেন না। নিরাপত্তা প্রহরী/পরিচ্ছন্নতা কর্মী পদে আবেদনের ক্ষেত্রে দপ্তরের নাম উল্লেখ করতে হবে।

০৬। পরিচ্ছন্নতা কর্মী পদে নিয়োগের ক্ষেত্রে হরিজন সম্প্রদায়ের প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

০৭। কর্তৃপক্ষ সরকারি বিধি বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমনভাবে কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবেন।

০৮। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

০৯। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান/ভূয়া সনদ দাখিল করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলেও পুলিশ ভেরিফিকেশনে প্রাপ্ত তথ্য সন্তোষজনক না হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল করে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। মৌখিক পরীক্ষায় চুড়ান্তভাবে উত্তীর্ণদের স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং স্বাস্থ্য পরীক্ষাকালে প্রার্থী মাদকাসক্ত কিনা তা যাচাই করা হবে। স্বাস্থ্য পরীক্ষায় অনুত্তীর্ণ এবং মাদাকাসক্তদেরকে চুড়ান্তভাবে নিয়োগের জন্য অযোগ্য বলে বিবেচনা করা হবে।

১১। পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে নিয়োগ সংক্রান্ত বিদ্যমান যাবতীয় সরকারি বিধি বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১৩। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

১৪। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

১৫। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

১৬। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১৭। যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হয়ে থাকেন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য হিসাবে বিবেচিত হবেন না।

**১৮। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি (https://dcgazipur.teletalk.com.bd) এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন।

আবেদনের সময়সীমা নিম্নরূপ:

**i) Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ৩০ সেপ্টেম্বর ২০২৫ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকা**

**ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩০ অক্টোবর ২০২৫ খ্রি. তরিখ বিকাল ৫.০০ ঘটিকা।**

উক্ত সময়সীমার মধ্যে user id প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk pre-paid mobile sms এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online এ আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য 300 X প্রস্থ 80 pixel) এবং রঙিন ছবি (দৈর্ঘ্য 300 X প্রস্থ 300 pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন।

গ) online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যর সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ) sms প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং signature upload করে আবেদনপত্র submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ application preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit সম্পন্ন হলে প্রার্থী একটি user id, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি নিশ্চিত করে download ও রঙিন print করে সংরক্ষণ করবেন। Applicants copy-তে একটি user id থাকবে এবং user id নম্বর ব্যবহার করে সকল প্রার্থী (২০তম গ্রেড) নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি sms এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা এবং অনলাইন ফি বা টেলিটকের সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ০৬/- (ছয়) টাকা অফেরতযোগ্য মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "online- এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

নিয়মাবলী:

**<u>প্রথম SMS:</u> DCGAZIPUR<space>User ID** লিখে **send** করতে হবে 16222 নম্বরে

**Example: DCGAZIPUR ABCDEFG send to 16222**

Reply: Congratulations Applicant's Name, TK. 56 Will be charged as application fee. Your PIN is 12345678 To pay fee Type DCGAZIPUR Yes PIN and send to 16222.

**<u>দ্বিতীয় SMS:</u> DCGAZIPUR< space>Yes<space>PIN** লিখে করতে হবে 16222 নম্বরে

**Example: DCGAZIPUR Yes 12345678 send to 16222**

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DCGAZIPUR application for post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)

দ্বিতীয় SMS পাঠানোর পর ফিরতি এসএমএস এ password পাবেন।

চ) প্রবেশপত্র: প্রাপ্তির বিষয়টি (https://dcgazipur.teletalk.com.bd) ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

CamScanner

ছ) SMS এ প্রেরিত user id এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক প্রিন্ট ( সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষায় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র teletalk.pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ user id এবং password পুনরুদ্ধার করতে পারবেন।

**i) User Id জানা থাকলে: DCGAZIPUR< space>Help < space>User<space>User ID & send to 16222**

Example: DCGAZIPUR Help User ABCDEF & send to 16222

**ii) PIN Number জানা থাকলে: DCGAZIPUR<space>Help<space>PIN<space>PIN No & send to 16222**

Example: DCGAZIPUR Help PIN 1234567& send to 16222

(ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এ ক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.quary@teletalk.com.bd বা alljobs.quary@ teletalk.com.bd বা dcgazipur@mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

১৯। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে । প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোনো পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২০। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও গাজীপুর জেলার ওয়েবপোর্টাল www.gazipur.gov.bd এবং https://dcgazipur.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ সময় ও অন্যান্য তথ্য www.gazipur.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

২১। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদে চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটা ও অন্যান্য নির্দেশনা অনুসরণ করা হবে।

২২। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

২৩। নিয়োগকারী কর্তৃপক্ষ/বিজ্ঞপ্তি প্রকাশকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

মোঃ মোতাছেম বিল্যাহ
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
গাজীপুর
ফোন : ০১৭৮৩-৮৬৫৮৮১
ইমেইল : adcgeneralgazipur48@gmail.com

বিজ্ঞপ্তি নম্বর:০৫.৪১.৩৩০০.০০৭.০১.০০২.২২- ৬০৭/১(১০০)

তারিখ : ০৯ আশ্বিন ১৪৩২ / ২৪ সেপ্টেম্বর ২০২৫

বিতরণ : সদয় জ্ঞাতার্থে-

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
০৫। জেলা প্রশাসক, ..............................(সকল)।
০৬। পুলিশ সুপার, গাজীপুর।
০৭। সিভিল সার্জন, গাজীপুর।
০৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাজীপুর।
০৯। উপপরিচালক, স্থানীয় সরকার, গাজীপুর।
১০। অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)/বিজ্ঞ অতিরিক্ত ম্যাজিস্ট্রেট, গাজীপুর।
১১। জেলা ..................................................................অফিসার, গাজীপুর।
১২। উপজেলা নির্বাহী অফিসার, ................................ (সকল), গাজীপুর।
১৩। সহকারী কমিশনার (ভূমি), .................................. (সকল), গাজীপুর।
১৪। সহকারী কমিশনার, ........................................... শাখা, গাজীপুর।
১৫। জেলা তথ্য অফিসার, গাজীপুর।
১৬। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং ৩/এ, ৫/এ, ৭/এ, রোড নং-১৭, গুলশান-১, ঢাকা-১২১২। তাঁকে উল্লেখিত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
১৭। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর। তাঁকে বিজ্ঞপ্তি ও আবেদনপত্রের ছকটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য বলা হলো।
১৮। সম্পাদক, .......................................................................। উপরোক্ত বিজ্ঞপ্তিটি আগামী ......................... তারিখের মধ্যে ০১ (এক) দিনের জন্য তাঁর পত্রিকায় ভিতরের পাতায় ১২ ইঞ্চি ৪ কলাম সাইজের ভিতরের পাতায় ০১ (এক) দিনের জন্য স্বল্প পরিসরে প্রকাশ করে নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারিত সংখ্যায় ০৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৯। পোস্টমাস্টার, প্রধান ডাকঘর, গাজীপুর-১৭০০
২০। জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর এর সকল নোটিশ বোর্ড।
২১। অফিস নথি।

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
গাজীপুর

CamScanner